

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 04-06-2025

**Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

PM- Assam Flood:

উত্তর-পূর্বাঞ্চলে ভারী বৃষ্টিপাত ও বন্যার ফলে উদ্ভূত পরিস্থিতি নিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল আসামের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা এবং সিকিমের মুখ্যমন্ত্রী প্রেম সিং তামাংয়ের সঙ্গে কথা বলেছেন। শ্রী মোদী ক্ষতিগ্রস্ত রাজ্যগুলির ত্রান ও পুনর্বাসন প্রচেষ্টায় কেন্দ্র সরকারের পক্ষ থেকে পূর্ণ সহায়তার আশ্বাস দিয়েছেন। ইতিমধ্যে রেলপথ জলমগ্ন হওয়ার ফলে NF রেলওয়ে শিলচর-আগরতলা এক্সপ্রেস- সহ কয়েকটি ট্রেন বাতিল করেছে। এদিকে, গতকাল দুর্ভোগপূর্ণ আবহাওয়ার কারণে স্থগিত উত্তর সিকিমের উদ্ধার অভিযান আজ সকাল থেকে পুনরায় শুরু হওয়ার কথা রয়েছে।

CM-Patna :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল পাটনা ডেন্টাল কলেজ ও হাসপাতালে 'অভিনন্দন সমারোহ' অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে তিনি বলেন, চিকিৎসা সহ বিভিন্ন ক্ষেত্রে ত্রিপুরা বর্তমানে বিশ্বের দরবারে নিজেকে প্রতিষ্ঠিত করেছে। পাশাপাশি কেন্দ্রীয় সরকারের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের মাধ্যমে রাজ্য সরকার ত্রিপুরাকে স্বয়ংসম্পূর্ণ করতে প্রতিশ্রুতিবদ্ধ। পরে মুখ্যমন্ত্রী ডাঃ সাহা, বিহারের স্বাস্থ্য ও আইনমন্ত্রী এবং শিল্প ও বাণিজ্য মন্ত্রীর সঙ্গে সৌজন্যমূলক সাক্ষাৎকারে মিলিত হন।

Biplab Kumar Deb:

ৰাজ্যের বিভিন্ন স্থানে অতিবৃষ্টির জন্য জমা জল নামতে শুরু করেছে। বিভিন্ন আশ্রয় শিবির থেকে মানুষজন বাড়ি ঘরে ফিরতে শুরু করেছেন।

National Highway :

সাংসদ বিপ্লব কুমার দেব গতকাল আগরতলায় সাংবাদিকদের বলেছেন, উত্তর পূর্বাঞ্চলে জাতীয় সড়ক নির্মাণে গুণগতমান বজায় রাখা হয়নি। এই বিষয়ে তিনি আগেও কেন্দ্রের সড়ক পরিবহন মন্ত্রী নিতিন গডকরির কাছে অভিযোগ করেছিলেন। শ্রী দেব জানান, ঠিকেদাররা উত্তর পূর্বাঞ্চলে এসে ১৫ থেকে ২০ শতাংশ কম টাকা টেন্ডার জমা করে কাজ আদায় করে নেন। কিন্তু কাজের গুণমান বজায় রাখেন না। এমন ঠিকেদারদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে কেন্দ্রীয় সড়কপরিবহন মন্ত্রীর কাছে অভিযোগ করবেন বলে সাংসদ শ্রী দেব জানিয়েছেন।

NFR Silchar train Cancelled :

আজ শিলচর-আগরতলা এক্সপ্রেস ১৫৬৬৪ নম্বর ট্রেনটি বাতিল করা হয়েছে। শিলচর স্টেশনে ট্রেন ধোয়ার পিটগুলিতে জল জমে থাকায় এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে এন এফ রেলওয়ের পক্ষ থেকে জানানো হয়।

West District :

ৰাজ্যে সফররত এক কেন্দ্রীয় প্রতিনিধি দল গতকাল পশ্চিম জেলার বিভিন্ন ব্লকে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের কাজ ঘুরে দেখেন। পরে তারা, সরকারের প্রকল্পগুলির অগ্রগতি নিয়ে পশ্চিম জেলার জেলাশাসকের সঙ্গেও

কথা বলেন। উল্লেখ্য, কেন্দ্রীয় সরকারের অধীনে সচিব ও আধিকারিকদের ১৪২তম লেভেল-ডি প্রশিক্ষণ কর্মসূচির আওতায়, মোট ২২ জন আধিকারিক রাজ্যে এসেছেন।

Spl. Animal Health Camp :

প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের উদ্যোগে ঊনকোটি জেলার নানাস্থানে গতকাল থেকে শুরু হয়েছে "বিশেষ প্রাণী স্বাস্থ্য শিবির"। উদ্ভূত পরিস্থিতিতে দপ্তরের এই বিশেষ শিবিরে গো-পালকদের প্রাণীদের স্বাস্থ্য রক্ষায় বিভিন্ন পরামর্শ দেওয়া হচ্ছে। পাশাপাশি প্রতিষেধক টিকা, চিকিৎসা পরিষেবা সহ বিনামূল্যে ঔষধ বিতরণ চলছে। এদিকে ঊনকোটি জেলার দেও এবং মনু নদীর জলস্তর গতকাল স্বাভাবিক হয়েছে।

Covid-19 :

দেশে নতুন করে কোভিড সংক্রমণের পরিপ্রেক্ষিতে রাজ্যেও সতর্কতামূলক প্রস্তুতি নেওয়া হচ্ছে। স্বাস্থ্য দপ্তরের অধিকর্তা আকাশবাণীকে জানান এ বিষয়ে স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে সব রকমের ব্যবস্থা নেওয়া হচ্ছে। তিনি জানান, আগরতলার জিবি সহ রাজ্যের সব হাসপাতালে সঠিকভাবে অক্সিজেন সরবরাহ ও মজুত রাখার উদ্যোগ নেওয়া হয়েছে। কোভিড আক্রান্ত রোগীদের পৃথকভাবে রাখার ব্যবস্থাও করা হয়েছে বলে স্বাস্থ্য অধিকর্তা জানান।

Loknath Baba Tirodhan Utsab :

প্রতিবছরের মত এবারও লোকনাথ ব্রহ্মচারীর তিরোধান দিবস গতকাল পালন করা হয়েছে। এই উপলক্ষে গতকাল আগরতলা সহ রাজ্যের বিভিন্ন স্থানে,

লোকনাথ মন্দিরে বিশেষ পূজার্চনা অনুষ্ঠিত হয়। পরে ভক্তদের মধ্যে হয় প্রসাদ বিতরণ। পাশাপাশি ১৩৫তম তিরোধান দিবস উপলক্ষ্যে সম্প্রতি লোকনাথ আশ্রমের পক্ষ থেকে সম্প্রতি দুস্থদের মধ্যে বস্ত্র বিতরণ ও ক্যাণ্ডার হাসপাতালের রোগীদের মধ্যে ফল ও মিষ্টি বিতরণ করা হয়।

Football:

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতায় ভাটি অভয়নগরের বিবেকানন্দ ক্লাব চ্যাম্পিয়ন হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে গতরাতে নির্ণায়ক খেলায় বিবেকানন্দ ক্লাব ১-০ গোলে উত্তর বাধারঘাটের স্বামী বিবেকানন্দ ক্লাবকে পরাজিত করে। বিজয়ী দলের সোহেল মিয়া জয়সূচক গোলটি করে। ম্যাচের পর চ্যাম্পিয়ন দলকে ট্রফি সহ ২৫ হাজার টাকা ও রানার্স দলকে ট্রফি সহ ১৫ হাজার টাকা প্রাইজমানি তুলে দেয়া হয়। আসরের সেরা ফুটবলার নির্বাচিত হয়েছে স্বামী বিবেকানন্দ ক্লাবের রাহুল কুমার রিয়াং। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার সহ টিএফএ'র কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

Weather :

রাজ্যের সব জেলাতেই বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ ভারী বর্ষণ, সঙ্গে ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে দমকা হাওয়া বয়ে যাওয়ার সর্তকতা জারি করা হয়েছে। আগরতলায় আজ আকাশ সাধারণত মেঘলা থাকবে। বিক্ষিপ্তভাবে বজ্র সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। সকাল সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টি হয়েছে ৩ মিলিমিটার। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৪ ডিগ্রি সেলসিয়াস।
